# পাঠ ৪৩　どうしてでしょうか
## দোওশ্‌তে দেশোও কা

| | | |
|---|---|---|
| 先生 | 姫路城は奇跡の城と言われています。 | হিমেজি প্রাসাদ এক অত্যাশ্চর্য প্রাসাদ বলে বলা হয়ে থাকে। |
| শিক্ষক | どうしてでしょうか。<br>হিমেজি-জোও ওয়া কিসেকি নো শিরো তো ইওয়ারেতে ইমাস্‌।<br>দোওশ্‌তে দেশোও কা? | এটা কী কারণে বলে আপনি মনে করেন? |
| ロドリゴ | 戦争でも焼けなかったからです。 | যুদ্ধেও এটা ভস্মীভূত হয়নি বলে। |
| রড্রিগো | সেন্‌সোও দেমো ইয়াকেনাকাত্তা কারা দেস্‌। | |
| アンナ | さすが、ロドリゴ！ | চমৎকার (বলেছেন), রড্রিগো! |
| আন্না | সাসুগা, রোদোরিগো! | |

### ব্যাকরণের টিপস্‌

হিমেজি প্রাসাদ
© Himeji City

**① _ দেশোও ( _ হতে পারে)**

- ভবিষ্যতের অনুমান প্রকাশ করতে অথবা অনিশ্চিত কোনকিছু সম্পর্কে বলতে হলে দেশোও ব্যবহার করা হয়।

যেমন) আশ্‌তা ওয়া আমে দেশোও।
(সম্ভবত আগামীকাল বৃষ্টি হতে পারে।)

**② দোওশ্‌তে দেশোও কা　(কেন এমন বলে আপনি মনে করেন?)**

- দোওশ্‌তে মানে কেন। মার্জিত কথাবার্তায় দোওশ্‌তে কথাটি হয়ে যায় নাযে (কেন)। ⇒নাযে দেশোও কা

### ধ্বন্যাত্মক শব্দ




উত্তর সঠিক হলে বেজে ওঠা যান্ত্রিক শব্দ।




উত্তর ভুল হলে বেজে ওঠা যান্ত্রিক শব্দ।